# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)
প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭, ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

**শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ**

---

পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/৪৬

তারিখঃ ১৮-০৮-২০২৬

**বিষয়: ঢাকা বিভাগ-২ এর ২০২৫-২৬ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়ন, ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্মপরিকল্পনা গ্রহণ বিষয়ক ব্যবস্থাপক সম্মেলন-২০২৬ এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স ভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদান।**

পল্লী সঞ্চয় ব্যাংক এর ঢাকা বিভাগ-২ এর ২০২৫-২৬ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়ন, ২০২৬-২৭ অর্থবছরের ব্যবসায়িক কর্ম পরিকল্পনা গ্রহণ বিষয়ক ব্যবস্থাপক সম্মেলন-২০২৬ এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স ভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদানের লক্ষ্যে সকল শাখা ব্যবস্থাপকের অংশগ্রহণে আগামী ২২/০৮/২০২৬ খ্রিঃ রোজ শনিবার এসডিসি ট্রেইনিং সেন্টার, ফরিদপুরে "ব্যবস্থাপক সম্মেলন ২০২৬" (সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত) এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স ভিত্তিক উৎসাহমূলক পুরস্কার প্রদান অনুষ্ঠান (বেলা ৩.০০ ঘটিকা হতে ৫.০০ ঘটিকা পর্যন্ত) অনুষ্ঠিত হবে। একই দিন সকাল ৯.০০ ঘটিকায় পল্লী সঞ্চয় ব্যাংকের ফরিদপুর সদর শাখা, ফরিদপুরে বৃক্ষরোপন ও গাছের চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট বিভাগের মনিটরিং কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, সকল শাখা ব্যবস্থাপক এবং ২০২৪-২৫ অর্থবছরের পারফরম্যান্স মূল্যায়নের ভিত্তিতে মাঠপর্যায়ের পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করবেন। সভায় প্রধান অতিথি হিসেবে পল্লী সঞ্চয় ব্যাংক এর মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব এ. বি. এম. জাহিদ হোসেন উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি হিসেবে উক্ত সভায় উপস্থিত থাকবেন বোর্ড সচিব ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মুহাম্মদ আলী। উক্ত সভায় সভাপতিত্ব করবেন সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় মনিটরিং কর্মকর্তা ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ জাহিদ হোসেন।

০৩। সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময় অনুযায়ী বৃক্ষরোপন ও গাছের চারা বিতরণ অনুষ্ঠান, পারফরম্যান্স মূল্যায়ন ও ব্যবসায়িক পর্যালোচনা সভা এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

১৮/০৮/২০২৬

**(মোঃ আলা উদ্দিন)**
মহাব্যবস্থাপক

**সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দ**

পসব্য/প্রকা/পরি/শাতপ/১০/২০২৬-২৭/ ৪৬

তারিখঃ ১৮-০৮-২০২৬

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি বিভাগের প্রধানকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য এবং পুরস্কারের ক্রেস্ট এবং সনদসমূহ অনুষ্ঠানে পৌঁছে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সাধারণ সেবা ও কল্যাণ বিভাগের প্রধানকে অনুরোধ করা হলো।
৭। ফরিদপুর জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অনুষ্ঠান আয়োজন ও উপস্থিত সকলকে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রাক্কলিত ব্যয় বাবদ ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা মাত্র জিএল কোড ৩০৮০২০০১ থেকে থেকে উত্তোলনের অনুমোদন দেয়া হলো। প্রকৃত ব্যয় সাপেক্ষে পরবর্তী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে বিল ভাউচার সমূহ সমন্বয় করে অনুমোদনের জন্য বাজেট ও হিসাব বিভাগ প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
৮। গাড়িচালক জনাব রিপন মজুমদার উক্ত সম্মেলনে মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়কে ঢাকা হতে ফরিদপুর পর্যন্ত আনা-নেওয়ার দায়িত্ব পালন করবেন। এ উদ্দেশ্যে ঢাকা-মেট্রো-ঘ-১৩-৫৮১৪ নম্বরের গাড়িটি ব্যবহার করা হবে।
০৯। অফিস নথি।

18/08/26

**(মোঃ জাহিদ হোসেন)**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার